৫৬

আজকের কাগজ

তারিখ 2·6··APR 1995
পৃষ্ঠা ৬ কলাম ৪

## ডোমারে প্রশিকার উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র ডোমার উন্নয়ন এলাকায় গত ৫ এপ্রিল থেকে ২০টি উপ-আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষালয়ের কার্যক্রম শুরু হয়েছে। এর আগে সার্বজনীন শিক্ষা কর্মসূচির আওতায় ১৪ দিনব্যাপী উপ-আনুষ্ঠানিক শিক্ষক শিক্ষিকাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শেষে এসব শিক্ষক শিক্ষিকার মধ্যে শিক্ষা উপকরণসমূহ বিতরণ করেন থানা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা আবু বকর সরদার। এ সময় উপস্থিত ছিলেন- প্রশিকার এলাকা সমন্বয়কারী গোলাম কিবরিয়া মারুফ, সার্বজনীন শিক্ষা কমিটির আব্দুর রশীদ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। ডোমার থেকে এমএ জব্বার।